

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-৫
প্রজ্ঞাপন

তারিখঃ ২৯ চৈত্র ১৪২১ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ

এস. আর.ও নং ৮০-আইন/২০১৫।—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৩ এপ্রিল ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-৭৩-আইন/৯৯-শ্রকম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ৩০ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৪০-আইন/২০১৪ দ্বারা উক্ত প্রযোজ্যতা ০৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১৩ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে উত্তীর্ণ হইয়া যাইবে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

যেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ০৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৪ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহীন আখতার

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মুহাম্মদ আল-আমিন (যুগ্মসচিব), উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৭১১)

মূল্য : টাকা ৪.০০